

রূপালী ব্যাংক লিমিটেড  
উন্নয়ন, পরিকল্পনা ও গবেষণা বিভাগ  
প্রধান কার্যালয়, ঢাকা।

সকল শাখা/আঞ্চলিক কার্যালয়/  
স্থানীয় কার্যালয়/কর্পোরেট শাখা  
আরবিটিআই সহ প্রধান কার্যালয়ের  
সকল বিভাগের প্রতি :

সার্কুলার নং : প্রকা/উন্নয়ন/০৬  
তারিখ : ১০-০৫-২০১১

বিষয় :- মুক্তিযোদ্ধাদের জন্য ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে।

=====

বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ১১-০৪-২০১০ তারিখের বিআরপিডি সার্কুলার নং-০৪ এর মাধ্যমে যে নির্দেশনা প্রদান করেছে তা নিম্নে উদ্ধৃত করা হলো :-

“ মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা ব্যাংক একাউন্টের মাধ্যমে প্রদানের লক্ষ্যে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, জাতীয় পরিচয় পত্র ও ‘মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা পরিশোধের বহি’ এর বিপরীতে মুক্তিযোদ্ধাগণ ১০(দশ) টাকা জমা প্রদান পূর্বক ব্যাংক হিসাব খুলতে পারবেন। উক্ত হিসাবে ন্যূনতম স্থিতি রাখার বাধ্যবাধকতা আরোপ করা যাবে না এবং ঐ সকল হিসাব হতে কোন প্রকার চার্জ/ফি আদায় করা যাবে না।

এমতাবস্থায়, মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রদান ও তাদের জন্য ব্যাংকিং সেবা নিশ্চিতকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হলো।”

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের বর্ণিত নির্দেশাবলী মোতাবেক মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা ব্যাংক একাউন্টের মাধ্যমে প্রদানের লক্ষ্যে মুক্তিযোদ্ধাগণের নিকট হতে টাঃ ১০/- জমা নিয়ে সঞ্চয়ী হিসাব খোলা এবং তাদের হিসাবে ন্যূনতম স্থিতি রাখার বাধ্যবাধকতা আরোপ না করা এবং কোনরূপ চার্জ/ফি আদায় না করার জন্য পরামর্শ দেয়া হলো।

(মোঃ মঈন উদ্দিন)  
সহকারী মহাব্যবস্থাপক

(আবু মোঃ ছায়েদুল ইসলাম)  
উপ-মহাব্যবস্থাপক